

৪৪। আন্তর্জাতিক চুক্তি রাষ্ট্রপতি ও সংসদে পেশ  
(অনুচ্ছেদ ১৪৫ক)

সুপারিশ :

৪৪। সংবিধানের অনুচ্ছেদ ১৪৫ক এর প্রতিস্থাপন।—সংবিধানের অনুচ্ছেদ ১৪৫ক এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১৪৫ক প্রতিস্থাপিত হইবে, যথা :

“১৪৫ক। আন্তর্জাতিক চুক্তি।—বিদেশের সহিত সম্পাদিত সকল চুক্তি রাষ্ট্রপতির নিকট পেশ করা হইবে, এবং রাষ্ট্রপতি তাহা সংসদে পেশ করিবার ব্যবস্থা করিবেন :

তবে শর্ত থাকে যে, জাতীয় নিরাপত্তার সহিত সংশ্লিষ্ট অনুরূপ কোন চুক্তি কেবলমাত্র সংসদের গোপন বৈঠকে পেশ করা হইবে।”।

৪৫। প্রধান উপদেষ্টা, উপদেষ্টা পদ বিলুপ্তি  
(অনুচ্ছেদ ১৪৭)

৪৫। সংবিধানের অনুচ্ছেদ ১৪৭ এর সংশোধন।—সংবিধানের অনুচ্ছেদ ১৪৭ এর দফা (৪) এর

(ক) উপ-দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :

“(খ) প্রধানমন্ত্রী ;” এবং

(খ) উপ-দফা (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ উপ-দফা (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা :

“(ঘ) মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী;”।

৪৬। ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী  
(অনুচ্ছেদ ১৫০)

সুপারিশ :

৪৬। সংবিধানের অনুচ্ছেদ ১৫০ এর প্রতিস্থাপন।—সংবিধানের অনুচ্ছেদ ১৫০ এর পরিবর্তে নিম্নরূপ অনুচ্ছেদ ১৫০ প্রতিস্থাপিত হইবে, যথা :

“১৫০। ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী।—(১) এই সংবিধানের অন্য কোন বিধান সত্ত্বেও ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে এই সংবিধান প্রবর্তনকালে সংবিধানের চতুর্থ তফসিলে বর্ণিত বিধানাবলী ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী হিসাবে কার্যকর থাকিবে।

(২) ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখ হইতে ১৯৭২ সালের ১৬ই ডিসেম্বর তারিখে এই সংবিধান প্রবর্তন হইবার অব্যবহিত পূর্ব পর্যন্ত সময়কালের মধ্যে সংবিধানের পঞ্চম তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ৭ই মার্চ তারিখে ঢাকার রেসকোর্স ময়দানে দেওয়া জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ, ষষ্ঠ তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ২৬শে মার্চ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক বাংলাদেশের স্বাধীনতা ঘোষণার টেলিগ্রাম এবং সপ্তম তফসিলে বর্ণিত ১৯৭১ সালের ১০ই এপ্রিল তারিখে মুজিবনগর সরকারের জারিকৃত স্বাধীনতার ঘোষণাপত্র হইল বাংলাদেশের স্বাধীনতা ও মুক্তি সংগ্রামের ঐতিহাসিক ভাষণ ও দলিল, যাহা উক্ত সময়কালের জন্য ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলী বলিয়া গণ্য হইবে।”।